



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর  
প্রশাসন শাখা  
গাইড হাউস (৭ম ও ১০ম তলা)  
নিউ বেইলী রোড, ঢাকা



স্মারক নং- ৫৭.২৫.০০০০.০০১.০৫.০০৭.২১-৩২১

তারিখ: ২৮ আশ্বিন, ১৪২৯  
১৩ অক্টোবর, ২০২২

বিষয়: ১৮ অক্টোবর, ২০২২ 'শেখ রাসেল দিবস' উদযাপন

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ১৮ অক্টোবর, ২০২২ 'শেখ রাসেল দিবস' ঘোষণা করে তা 'ক' শ্রেণিভুক্ত দিবস হিসাবে অন্তর্ভুক্ত করা হয়েছে। 'শেখ রাসেল দিবস' যথাযোগ্য মর্যাদায় উদযাপন উপলক্ষ্যে অধিদপ্তরধীন মাদ্রাসাসমূহে নিম্নে বর্ণিত কর্মসূচি পালনের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো:

ক্রম	জাতীয় কর্মসূচি
০১.	জাতীয় কর্মসূচির সাথে সংগতি রেখে সকল মাদ্রাসা শিক্ষার্থীদের উপস্থিতিতে আলোচনা সভা ও দোয়া মাহফিলের আয়োজন করবে।
০২.	'শেখ রাসেল দিবস' উপলক্ষ্যে প্রত্যেক মাদ্রাসা 'শেখ রাসেল দেয়ালিকা'য় গল্প, কবিতা, সৃষ্টিশীল লেখা উপস্থাপন করবে। দেয়ালিকাটির প্রতিপাদ্য হবে 'শেখ রাসেল দিবস'।
০৩.	শহীদ শেখ রাসেল স্মরণে প্রতিটি মাদ্রাসা কমপক্ষে ১০টি গাছের চারা রোপন করবে।
০৪.	সকল মাদ্রাসা শিক্ষার্থীদের অংশগ্রহণে এ দিবসের সাথে সামঞ্জস্যপূর্ণ যেকোন কর্মসূচী স্ব-স্ব ব্যবস্থাপনায় আনন্দমুখর পরিবেশে আয়োজন করবে (যেমন: আনন্দ র্যালি, সুন্দর হাতের লেখা প্রতিযোগিতা/রচনা প্রতিযোগিতা/কুইজ প্রতিযোগিতা ইত্যাদি)।

- ১। অধ্যক্ষ, সরকারি মাদ্রাসা-ই-আলিয়া, ঢাকা/সিলেট সরকারি আলিয়া মাদ্রাসা, সিলেট/সরকারি মুস্তাফাবিয়া আলিয়া মাদ্রাসা, বগুড়া/ বিএমটিটিআই, গাজীপুর/ প্রকল্প পরিচালক . . . . . (সকল)।
- ২। অধ্যক্ষ/সুপার/এবতেদায়ী প্রধান.....(সকল কামিল/ফায়িল/আলিম/দাখিল ও স্বতন্ত্র এবতেদায়ী মাদ্রাসা)

মোঃ সাইফুল ইসলাম  
উপপরিচালক (প্রশাসন)  
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর  
ফোন: ৪১০৩০১৬৩

স্মারক নং- ৫৭.২৫.০০০০.০০১.০৫.০০৭.২১-৩২১

তারিখ: ২৮ আশ্বিন, ১৪২৯  
১৩ অক্টোবর, ২০২২

বিতরণ:

- ১। বিভাগীয় কমিশনার.....(সকল)
- ২। জেলা প্রশাসক..... (সকল)
- ৩। উপজেলা নির্বাহী অফিসার... (সকল)
- ৪। জেলা শিক্ষা অফিসার..... (সকল)
- ৫। উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার...(সকল)

তঁর আওতাধীন সকল মাদ্রাসায় উল্লিখিত কর্মসূচি বাস্তবায়ন নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো।

সদয় অনুলিপি:

- ১। সচিব মহোদয়, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
- ২। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর।

মাহফুজা ইয়াছমিন  
সহকারী পরিচালক (প্রশাসন)  
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর  
ফোন: ৪১০৩০১৬৮  
adm.dmeb@gmail.com